দৈনিক খবর 39

তারিখ ... 07 JUL 1991

পৃষ্ঠা... ১ ... কলাম... ৫...

## মিছিলে—শ্লোগানে মুখর ক্যাম্পাস

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হলো

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল শনিবার ক্লাস শুরু হয়েছে। প্রথমদিনের ক্যাম্পাস মিছিল আর শ্লোগানে মুখরিত থাকলেও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

ছাত্র সমাজের দশ দফা বাস্তবায়ন, ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ প্রতিষ্ঠাসহ বিভিন্ন দাবীতে ছাত্রলীগ (শো-অ) সকালে বিশ্ববিদ্যালয় মধুর কেন্টিন থেকে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজন ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী।

২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশে ছাত্রনেতা মাহবুব হত্যার বিচারসহ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সকল হত্যাকান্ডের বিচার দাবী করা হয়।

### মৌন মিছিল

ছাত্রনেতা মাহবুবের হত্যাকারীদের গ্রেফতার ও বিচার এবং মুরাদসহ সংগঠনের ছয়জনের মুক্তির দাবীতে ছাত্রলীগ (না-শ) গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মৌন মিছিল শেষে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান ও সাধারণ সম্পাদক শফী আহমেদ।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল সকালে এক সন্ত্রাস বিরোধী বিক্ষোভ মিছিল বের করে। মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে এক সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক আলী আক্কাস নাদিম।

### হলে কড়াকড়ি

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলে ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করে ঢুকতে দেয়া অব্যাহত রয়েছে। আবাসিক শিক্ষকরাও পালা করে হলগেটে বসছেন। গতকাল ক্যাম্পাসে বা কোন আবাসিক হলে কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।